# দুবাইয়ে মার্কিন বাহিনীকে লক্ষ্য করে ইরানের হামলার দাবি



দুবাইয়ে ইরানের হামলা। ছবি: রয়টার্স

দুবাইয়ে অবস্থানরত প্রায় ৫০০ মার্কিন সেনাকে লক্ষ্য করে হামলা চালানোর দাবি করেছে ইরান।

ইরানের খাতাম আল-আনবিয়া কেন্দ্রীয় সদর দপ্তর জানায়, এই অভিযানে মার্কিন বাহিনীর উল্লেখযোগ্য ক্ষতি হয়েছে, যদিও হতাহতের নির্দিষ্ট সংখ্যা প্রকাশ করা হয়নি। শনিবার (২৮ মার্চ) মুখপাত্র লেফটেন্যান্ট কর্নেল ইব্রাহিম জোলফাকারি বলেন, হামলার চাপের মুখে সেনারা দুটি আলাদা স্থানে সরে যায়—একটিতে ৪০০-র বেশি এবং অন্যটিতে ১০০-র বেশি সদস্য অবস্থান নেন।

ইরানের দাবি অনুযায়ী, ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর (আইআরজিসি)-এর অ্যারোস্পেস শাখা ও নৌবাহিনী যৌথভাবে ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালায়। এতে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে বলে উল্লেখ করা হয়। হামলার পর কয়েক ঘণ্টা ধরে আহতদের সরিয়ে নেওয়ার কার্যক্রম চলে বলেও জানানো হয়েছে।

একইসঙ্গে যুক্তরাষ্ট্রের নেতৃত্বকে সতর্ক করে ইরান বলেছে, উত্তেজনা বাড়লে পরিস্থিতি আরও জটিল হতে পারে।

এছাড়া পারস্য উপসাগরে কয়েকটি মার্কিন নৌযানকেও লক্ষ্যবস্তু করার দাবি করা হয়েছে, তবে এ ক্ষেত্রেও ক্ষয়ক্ষতির সুনির্দিষ্ট তথ্য দেওয়া হয়নি।

সূত্র: প্রেস টিভি

LENS ASIA